

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১১৬.২৪.৬৮০

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং ৩৩১৮/২০২৪-এ প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৩৩১৮/২০২৪-এর ১৯/০৩/২০২৪ খ্রি. তারিখের বুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোহাম্মদ ছানাউল হক তালুকদার, পিতা-মোঃ আব্দুর হক তালুকদার, মাতা-রাবিয়া খাতুন, সাং-বাগুনীপাড়া, ডাকঘর-শায়েস্তাগঞ্জ (৩৩০১), উপজেলা-হবিগঞ্জ সদর, জেলা-হবিগঞ্জ-কে এ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলাধীন শায়েস্তাগঞ্জ পৌরসভার ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের প্রার্থনার্থে পিটিশনার গত ১১/০৩/২০২৪ খ্রি. তারিখে জেলা নির্বাচন কর্মকর্তা, হবিগঞ্জ বরাবর এবং ১২/০৩/২০২৪ খ্রি. তারিখে প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার মোহাম্মদ ছানাউল হক তালুকদার রিট পিটিশন নং ৩৩১৮/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে বুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়-কে ১নং, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ২নং এবং জেলা নির্বাচন কর্মকর্তা, হবিগঞ্জ-কে ৩নং প্রতিপক্ষসহ মোট ০৭(সাত) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩৩১৮/২০২৪-এ প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

  
০৪-০৮-২০২৪  
মোহাম্মদ নাহিদ ইসলাম  
উপসচিব  
০২৫৫১০০৯৯৫  
lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব), সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১১৬.২৪.৬৮০/১(৫)

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়;
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
- ৩। উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
- ৫। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



ইংরেজি

০৪-০৮-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম  
উপসচিব